



শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড

ঢাকা-১০০০

নং পসব্য/প্রকা/প্রশা-২৮/২০১৯-২০/২৭৫৫

তারিখঃ ০৫/০৫/২০২০খ্রি

ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা

বিষয় : শাখা সমূহের কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ব্যাংকের সকল শাখা সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে ২.০০ ঘটিকা পর্যন্ত খোলা রেখে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যক্রম পরিচালনা করার জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত প্রদান করেছেন। তবে শাখার কার্যক্রম পরিচালনার বিষয়ে অবশ্যই সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি কঠোরভাবে প্রতিপালন করতে হবে। শাখা পরিচালনায় সকল কর্মকর্তা/কর্মচারীদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পরিপালনের জন্য এতদ্বারা নির্দেশনা প্রদান করা হলো।

০২। ব্যাংক এবং প্রকল্পের সমিতির সদস্য/গ্রাহকগণ দরিদ্র শ্রেণীর। এসকল দরিদ্র গ্রাহকগণ যাতে কমমূল্যে ধান চাল বিক্রি করতে বাধ্য না হন সে জন্য ব্যাংক ১৬/০৪/২০২০ তারিখে পরিবার/সমাজভিত্তিক শস্যগোলা ঋণ নীতিমালা প্রণয়ন করেছে যা আপনাদের নিকট ইতিমধ্যে প্রেরণ করা হয়েছে এবং ঋণ কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। ঋণ গ্রহণে ইস্চুক আগ্রহী গ্রাহকদেরকে ইউনিয়নের মাঠ সহকারী/শাখায় যোগাযোগ করার জন্য ইতোমধ্যে ইলেকট্রনিক্স মিডিয়ায় সংবাদ প্রচার করা হয়েছে। মাঠ সহকারীগণ শস্যগোলা স্কীমের আওতায় ঋণ গ্রহণে আগ্রহী সদস্যের বাড়ি এবং উৎপাদিত ধান আবশ্যিকভাবে পরিদর্শন করে নীতিমালা মোতাবেক ঋণের প্রয়োজনীয়তা পরীক্ষা করে সুপারিশ করবেন।

০৩। ব্যাংকের দরিদ্র গ্রাহকগণ বিভিন্ন পেশায় জড়িত। করোনা মহামারি জণিত কারণে তাদের পেশা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং বর্তমানে তাদের অধিকাংশই কর্মহীন হয়ে পড়েছেন। বর্তমান প্রেক্ষাপটে বিভিন্ন কৃষিজপণ্য উৎপাদনের কোন বিকল্প নেই। ব্যাংকের সদস্যদের কৃষিজ খামার স্থাপন তথা তাঁদের বসতবাড়ী/জমিচাষাবাদ/উৎপাদনের আওতায় নিয়ে আসতে ঋণ কার্যক্রম জোরদার করার জন্য অনুরোধ করা হলো।

০৪। ঋণ প্রদান সংক্রান্ত সাপ্তাহিক তথ্যাদি সপ্তাহের শেষ দিন (বৃহস্পতিবার) নিম্নবর্ণিত ছকে অনলাইনে ইনপুট দিয়ে প্রেরণ করতে হবে। এতদ বিষয়ে কোন প্রকার গাফিলতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। ঋণ প্রদানের নিমিত্তে ফান্ডের জন্য প্রধান কার্যালয়ে চাহিদাপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(টাকা লক্ষ টাকায়)

ক্রমণং	শাখার কোডনং	শাখার নাম	জেলার নাম	শস্যগোলা ঋণ		এসএমই ঋণ		অন্যান্য ক্ষুদ্র ঋণ	
				সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা	সংখ্যা	টাকা

আদেশক্রমে,

আপনার বিশ্বস্ত

(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. সিনিয়রসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক;
৩. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক;
৪. উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক;
৫. মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক;
৬. চেয়ারম্যান, রিকারশন টেকনোলজীস লিমিটেড।
৭. জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প (সকল)।
অনলাইনে ইনপুটপকৃত সংশ্লিষ্ট জেলার ঋণ কার্যক্রমের তথ্যাদির ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮. সকল কর্মকর্তা/কর্মচারী, পল্লী সঞ্চয় ব্যাংক (সকল শাখা)/প্রধান কার্যালয়।
৯. সংশ্লিষ্ট নথি।